



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: WorkSheet - 11

Class: 4



Subject: Bengali Gram (বোধশক্তির বিচার)

Date: 26/08/2020

ইংরেজদের সতর্ক দৃষ্টিকে ফাঁকি দিয়ে নেতাজি সুভাষচন্দ্র বসু জাপান চলে যান এবং সেখানে আজাদ হিন্দ ফৌজ নামে এক বিরাট মুক্তিবাহিনী গঠন করেন। এই ফৌজই পরাধীন ভারতে প্রথম স্বাধীনতার পতাকা প্রোথিত করেন মনিপুরের ইম্ফলে এসে। আজাদ হিন্দে এর অনুপ্রেরনায় তারপর হয় বোম্বাইয়ে নৌ বিদ্রোহ। সারা ভারতব্যাপী ডাক ও রেল ধর্মঘট, বৈষয়িক ধর্মঘট এবং আরও নানা চাঞ্চল্যকর ঘটনা ঘটে। ইংরেজরা তখন বুঝতে শুরু করেন যে, আর ভারতবর্ষে টেকা যাবে না। ১৯৪৭ খ্রীষ্টাব্দের ১৫ই আগস্ট তাই তারা দেশবাসীর হাতে শাসনভার ন্যস্ত করে চিরদিনের মতো বিদায় নেন। ১৯০ বছর পরে এই পবিত্র দিনে ভারত আবার স্বাধীনরূপে আত্মপ্রকাশ করে এবং জওহরলাল নেহেরু প্রথম প্রধানমন্ত্রীরূপে শাসনভার গ্রহণ করেন। এইদিন আমাদের জাতীয় উৎসব ও আনন্দের দিন। আমাদের দেশ দ্বিখন্ডিত হয়েছে। অনেক আশা অপূর্ণ রয়েছে। তবুও স্বাধীনতা একটি পরম সম্পদ। আমাদের তার যোগ্য হতে হবে।

নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :-

- ১। সুভাষচন্দ্র বসু কিভাবে জাপান যান ?
- ২। আজাদ হিন্দ বাহিনী কে গঠন করেন ?
- ৩। ভারতের স্বাধীনতার পতাকা প্রথম কোথায় প্রোথিত হয় ?
- ৪। আজাদ হিন্দে এর অনুপ্রেরনায় সারা দেশে কী ঘটনা ঘটে ?
- ৫। সারা ভারতে আরও কী কী চাঞ্চল্যকর ঘটনা ঘটেছিল ?
- ৬। স্বাধীন ভারতের প্রধানমন্ত্রী কে হয়েছিলেন ?

৭। দুটি জাতীয় উৎসবের নাম লেখ ।

৮। বাক্য রচনা কর :-

ক) ধর্মঘট =

খ) ঘটনা =

গ) সম্পদ =

ঘ) পবিত্র =

৯। শূন্যস্থান পূরণ কর :-

ক) ১৯৪৭ খ্রীষ্টাব্দের ১৫ই আগষ্ট তাই তারা _____ হাতে শাসনভার ন্যস্ত করেন ।

খ) আমাদের দেশ _____ হয়েছে ।

গ) তবুও _____ একটি পরম সম্পদ ।

ঘ) আমাদের অনেক আশা _____ রয়েছে ।

১০। বিপরীত শব্দ লেখ :-

ক) আশা =

খ) যোগ্য =

গ) স্বাধীনতা =

ঘ) অপূর্ণ =

ঙ) গ্রহণ =